দৈনিক জনকণ্ঠ

71

তারিখ APR 26 1999
পৃষ্ঠা 2 কলাম 2

## বুয়েটের ভর্তি পরীক্ষায় নির্বাচিত ছাত্রছাত্রীদের জ্ঞাতব্য

**বুয়েট রিপোর্টার ॥** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় নির্বাচিত ছাত্রছাত্রীদের মূল মার্কশীট ও সনদপত্র, বিভাগ নির্বাচনের অপশন এবং স্বাস্থ্য পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। প্রকৌশল অনুষদের বিভিন্ন বিভাগ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের নির্বাচিত প্রার্থীদেরকে মেধানুসারে নির্ধারিত তারিখ মোতাবেক আগামী ৪ মে হতে ২ জুনের মধ্যে এবং স্থাপত্য বিভাগের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ২ ও ৩ মে তাদের মূল মার্কশীট ও সনদপত্র, বিভাগ নির্বাচনের অপশন এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য বুয়েটের পুরকৌশল অনুষদের ডিনের কার্যালয়ে উপস্থিত হতে হবে। এ সময়ের মধ্যে কোন প্রার্থী আসতে ব্যর্থ হলে ঐ প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল হবে।

স্বাস্থ্য পরীক্ষায় উন্নীত ছাত্রছাত্রীদেরকে আগামী ৯ মে থেকে ১০ জুনের মধ্যে ভর্তি হতে হবে। ১০ জুনের মধ্যে ভর্তি না হলে অপেক্ষমাণ ছাত্রছাত্রীদেরকে ভর্তির সুযোগ দেয়া হবে।